

কালবেলা

THE DAILY KALBELA

রেজি নং ডিএ : ৮১৪
বর্ষ : ১৬, সংখ্যা : ২৩০
ঢাকা : রোববার
১৮ ফেব্রুয়ারি ২০১৮
৬ ফাল্গুন ১৪২৪
১ জামাদিউস সানি ১৪৩৯



গতকাল ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ২য় বার্ষিক সদস্য সভায় বক্তব্য দেন ডাঃ এনামুর রহমান এমপি

সাভারে চালু করা হবে থ্রি-পেইড মিটার

-ডাঃ এনামুর রহমান এমপি

বুলবুল, সাভার থেকে: গতকাল ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ২য় বার্ষিক সদস্য সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দিতে গিয়ে এ কথা বলেন তিনি। অনুষ্ঠানে সভাপতি করেন ৪নং এলাকা পরিচালক ও বোর্ড সভাপতি মোঃ আঃ হালীম। প্রধান অতিথির বক্তব্যে তিনি আরোও

বলেন, সাভারের পৌর এলাকাসহ পর্যায়ক্রমে পুরো সাভারেই এ মিটার লাগানো হবে। বিদ্যুৎ একটি দেশের চালিকা শক্তি উল্লেখ করে তিনি আরো বলেন, আমাদের সারা দেশের ৮১ শতাংশ বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে এবং সাভার এখন শতভাগ বিদ্যুৎ সংযোগের ৭ এর পাতায় দেখুন

সাভারে চালু করা

আওতায়। এ ছাড়া তিনি বিএনপি সরকারের আমলের বিদ্যুৎ ব্যবস্থার কথা উল্লেখ করে বলেন, তারা শুধু খাচার ব্যবসা করে গেছেন কোন সংযোগ দিতে পারিনি।

আগামীতে মাটির নীচ দিয়ে বিদ্যুতে লাইন নেওয়ার পরিকল্পনার কথা জানিয়ে ডাঃ এনাম আরো বলেন, আগামীতে প্রতিটি বিদ্যুতের লাইন মাটির নীচ দিয়ে নেওয়া হবে যাতে যে কোন প্রাকৃতিক দুর্যোগে আমাদের বিদ্যুত লাইনের কোন ধরনের ক্ষতি

সাধিত না হয়। ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সিনিয়র জেনারেল ম্যানেজার তার বক্তব্যে বলেন, আমাদের পল্লী বিদ্যুতেও ডিজিটাল ছোয়া লেগেছে তারই অংশ হিসেবে অনলাইনের মাধ্যমে ঘরে বসেই যে কোন স্থান থেকে সংযোগ প্রত্যাশীগণ আবেদন করতে পারবেন। এ ছাড়া মাসিক বিল মোবাইলের মাধ্যমে পরিশোধ করার সুযোগ রয়েছে। অনুষ্ঠানে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) এর দেওয়া বাণী তার পক্ষ থেকে পাঠ করেন ঢাকা উত্তরের তত্তাবধায়ক প্রকৌশলী মোঃ আজম খান। অনুষ্ঠানে সমিতির

সদস্যদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এজিএম (এমএস) প্রকৌশলী মোঃ এনামুল হক। অনুষ্ঠানের অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, সমিতির কোষাধ্যক্ষ মোঃ হারুন অর রাসিদ, ৪নং এলাকা পরিচালক মোঃ জসিম উদ্দিন, ৭নং এলাকা পরিচালক মোঃ আশরাফুল ইসলাম, ০১নং এলাকা পরিচালক মোঃ আব্দুল হালিম, ০২নং এলাকা পরিচালক মোঃ মোস্তাফিজুর রহমান, ৬নং এলাকা পরিচালক মোঃ ছালামত উল্লাহ ৯নং এলাকা

পরিচালক মোহাম্মদ মোরশেদ আলম চৌধুরী, মহিলা পরিচালক মাজেদা খাতুন, দিল আফরোজ শামীম, সুরমা বেগমসহ সমিতির সকল স্তরের কর্মকর্তা কর্মচারীবৃন্দ। অনুষ্ঠান শেষে সমিতির বোর্ড মিটিয়ে এক বছরের জন্য কার্যকরী কমিটি গঠন করা হয়। এতে ভোটাভোটের মাধ্যমে মোঃ জসিম উদ্দিন সভাপতি, দিল আফরোজ শামীম সহ-সভাপতি, মোঃ আঃ হালীম সাধারণ সম্পাদক ও সুরমা বেগম কোষাধ্যক্ষ পদে বিজয়ী হয়।